বার্ষিক প্রতিবেদন

২০২০-২০২১



আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

বাণিজ্য মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রত্যাশিত ফলাফল (TCV)

	সময়	খরচ (আনুমানিক যাতায়াত খরচ)	যাতায়াত
OLM চালুর পূর্বে	২ দিন ৪ ঘন্টা ২০ মিনিট	৫০০-৬০০ ৳	২-৩ বার
OLM চালুর পরে	১ ঘন্টা ৪৫ মিনিট	০০	০০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

এর

জন্ম শতবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি

শেখ হাসিনা
মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন, ২০২০-২০২১

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান পৃষ্ঠপোষক

জনাব শেখ রফিকুল ইসলাম পিএএ
প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)

উপদেষ্টা

জনাব নন্দন কুমার বনিক
অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

সম্পাদনা পর্ষদ

জনাব মোঃ মাসুদুল মান্নান	নিয়ন্ত্রক	আহবায়ক
জনাব মোহাম্মদ আওলাদ হোসেন	নিয়ন্ত্রক (চ. দা.)	সদস্য
জনাব মোহাম্মাদ মাহমুদুল হক	উপনিয়ন্ত্রক	সদস্য
প্রকৌঃ এ.টি.এম মহিউদ্দিন ফারুক	উপনিয়ন্ত্রক	সদস্য
জনাব মোঃ সিরাজুল ইসলাম	সহকারী নিয়ন্ত্রক	সদস্য
জনাব মোঃ ওবায়দুল্লাহ	সহকারী নিয়ন্ত্রক	সদস্য
জনাব ফাহমিদা ছিফাত	নির্বাহী অফিসার	সদস্য
জনাব দুলাল চন্দ্র মজুমদার	নির্বাহী অফিসার	সদস্য
জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী	নির্বাহী অফিসার	সদস্য
জনাব মোঃ হাবিবুর রহমান সুমন	সহকারী নিয়ন্ত্রক	সদস্য সচিব

গ্রাফিক্স

অশোক চন্দ্র বালা

মুদ্রণে

অমি প্রিন্টার্স
১১০ আলিজা টাওয়ার
ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০

প্রকাশকাল

১৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
১৩ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

সম্পাদনা পরিষদের পরিচিতি

শেখ রফিকুল ইসলাম পিএএ
প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
প্রধান পৃষ্ঠপোষক

নন্দন কুমার বনিক
অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)
উপদেষ্টা

মোঃ মাসুদুল মান্নান
নিয়ন্ত্রক, আহবায়ক

মোহাম্মদ আওলাদ হোসেন
নিয়ন্ত্রক ((চলতি দায়িত্ব), সদস্য

মোহাম্মাদ মাহমুদুল হক
উপনিয়ন্ত্রক, সদস্য

প্রকৌঃ এ.টি.এম মহিউদ্দিন ফারুক
উপনিয়ন্ত্রক, সদস্য

মোঃ সিরাজুল ইসলাম
সহকারী নিয়ন্ত্রক, সদস্য

মোঃ ওবায়দুল্লাহ
সহকারী নিয়ন্ত্রক, সদস্য

ফাহমিদা ছিফাত
নির্বাহী অফিসার, সদস্য

দুলাল চন্দ্র মজুমদার
নির্বাহী অফিসার, সদস্য

মোঃ জাহিদুল আলম চৌধুরী
নির্বাহী অফিসার, সদস্য

মোঃ হাবিবুর রহমান সুমন
সহকারী নিয়ন্ত্রক, সদস্য সচিব

সূচীপত্র

শিরোনাম	পৃষ্ঠা নম্বর
বাণীসমূহ	৮
মুখবন্ধ	১০
২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ	১১
সিসিআইএন্ডই এর ভবিষ্যৎ সম্পাদিতব্য কার্যক্রমসমূহ	১২
গুরুত্বপূর্ণ কার্যক্রমের কিছু স্থিরচিত্র	১৩
পটভূমি	১৬
রূপকল্প ও অভিলক্ষ্য	১৭
সাংগঠনিক কাঠামো	১৭
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যাবলী	২১
প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের শাখা ভিত্তিক কার্যক্রম	২১
আইন ও বিধিসমূহ	২৩
অনলাইনে (ওএলএম) প্রদত্ত সেবাসমূহের তালিকা	২৪
জনবল নিয়োগ	২৫
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	২৫
কর্মকর্তা-কর্মচারী দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও ওয়ার্কশপ	২৬
জাতীয় শুদ্ধাচার পদক	২৭
কর্ম পরিবেশের আধুনিকায়ন	২৭
রাজস্ব আদায়	২৮
ওএলএম এ প্রদত্ত সেবার পরিসংখ্যান	২৮
ই-নথির মাধ্যমে বিভিন্ন ধরনের পারমিট ইস্যুর পরিসংখ্যান	৩০
Online licensing Module (OLM) প্রবর্তন	৩১
ওএলএম এর সুবিধাসমূহ	৩২
বিভিন্ন দপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর ও ইন্টিগ্রেশন	৩৪
ই-নথির বাস্তবায়ন	৩৬
মুজিববর্ষ ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী উদযাপন	৩৬
জাতীয় শোক দিবস পালন	৩৭
করোনাকালীন কার্যক্রম	৩৭
আঞ্চলিক দপ্তরসমূহের কার্যক্রম সংক্রান্ত	৩৮
প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের কর্মরত কর্মকর্তাবৃন্দের স্থিরচিত্র	৬৮
বিভিন্ন অনুষ্ঠান উদযাপন এর স্থিরচিত্র	৭০
সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সিসিআইএন্ডই ভূমিকা	৭১
আইন ও বিধিসমূহ এর কপি	৭৪

বাণী

জনাব টিপু মুনশি, এমপি
মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ২০২০-২০২১ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলির উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। আমি এই উদ্যোগকে স্বাগত জানাই। বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে কোন দপ্তরের গুরুত্বপূর্ণ কার্যাবলী প্রকাশিত হয় যার মাধ্যমে কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়।

বাংলাদেশের অভ্যুদয়ের পূর্ববর্তী সময়ে দেশের আমদানি নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রায় তিন দশক কাল ধরে বিস্তৃত। Defense of India Rules এর অধীনে প্রদত্ত ক্ষমতা বলে ১৯৪০ সালের ভারতবর্ষের আমদানি ও রপ্তানি বাণিজ্যের উপর প্রথম নিয়ন্ত্রণের সূচনা হয়। এরই ধারাবাহিকতায় আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ প্রণীত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫০ সালের আমদানি নিয়ন্ত্রণ আইনের মৌলিক কাঠামো ঠিক রেখে ১৯৭৪ সালে প্রথম সংশোধনী আনেন। আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ এর অধীনে প্রদত্ত ক্ষমতা বলেই পণ্য আমদানি নিয়ন্ত্রণ সংক্রান্ত সকল সরকারী নির্দেশাবলী এবং বিধি বিধান প্রণীত ও জারী করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় সরকার মুক্ত বাজার অর্থনীতি এবং বিশ্ব বাণিজ্য সংস্থার বিধি-বিধানের আলোকে প্রতি তিন বছর পর পর দেশীয় শিল্পকে সুরক্ষা করে উদার ও যুগোপযোগী ব্যবসাবান্ধব আমদানি ও রপ্তানি নীতি প্রণয়ন করে আসছে। আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এই আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতির সুষ্ঠু বাস্তবায়ন করে থাকে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ ও ২০৪১ এবং ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে বর্তমান সরকার নিরলস কাজ করে যাচ্ছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের মধ্যে অন্যতম একটি এজেন্ডা ছিল দেশে ব্যবসা বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও ইজ অফ ডুয়িং বিজনেস অর্থাৎ ব্যবসা বান্ধব পরিবেশ উন্নীতকরণের মাধ্যমে বালাদেশের উন্নয়ন অগ্রযাত্রাকে সমুন্নত রাখা। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এবং বিশ্বব্যাপী চলমান বাণিজ্য প্রতিযোগিতায় সম্মুখ সারির দেশ হিসেবে আন্তর্জাতিক মানসম্পন্ন ব্যবসা বান্ধব পরিবেশ তৈরির লক্ষ্যে সরকার নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে, যার অংশ হিসেবে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর তার সকল কার্যক্রম ডিজিটাল করার লক্ষ্যে বিগত ০১ জুলাই ২০১৯ থেকে অনলাইন লাইসেন্সিং মডিউল (OLM) চালু করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর সেই স্বপ্ন বাস্তবায়নে ইতোমধ্যে এ দপ্তর প্রদত্ত ৫৫ টি সেবার মধ্যে ৩৩ টি সেবা Online Licensing Module (OLM) এর মাধ্যমে প্রদান করছে। এছাড়াও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের সাথে ইন্টিগ্রেশনের ফলে গ্রাহক ঘরে বসেই সেবা পাচ্ছেন যার ফলে তাদের সময়, অর্থ এবং অফিস ভিজিট (TCV) কমে এসেছে।

পরিশেষে এই আশাবাদ ব্যক্ত করছি যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ অদূর ভবিষ্যতে সুখী, সমৃদ্ধ, আধুনিক প্রযুক্তি নির্ভর উন্নত দেশের সমপর্যায়ে পৌঁছাবে। এই সাফল্যের ধারাবাহিকতা রক্ষায় আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারি সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে স্বজনপ্রীতি ও দুর্নীতির উর্ধ্বে থেকে স্বীয় দায়িত্ব পালন করবেন। আমি আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের ও প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

(টিপু মুনশি, এমপি)

বাণী

জনাব তপন কান্তি ঘোষ
সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক প্রতি বছরের ন্যায় এবারও ২০২০-২০২১ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলির উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। বার্ষিক প্রতিবেদন দপ্তরের কর্মকান্ড ও অগ্রগতি সম্পর্কে সামগ্রিক ধারণা প্রদান করার পাশাপাশি দপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে থাকে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলা' বিনির্মাণের লক্ষ্যে সরকার কর্তৃক নির্ধারিত রূপকল্প অনুযায়ী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের দেশ হিসেবে স্বীকৃতি অর্জনের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর অবিরাম কাজ করে যাচ্ছে। এই দপ্তর বাংলাদেশের আমদানি ও রপ্তানি সংক্রান্ত সকল নিবন্ধন সনদ ও পারমিট জারীসহ দেশের ব্যবসা বাণিজ্যের উন্নতির লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আমদানি নীতি আদেশ প্রণয়নে সহায়তাসহ এর সফল বাস্তবায়নে এই দপ্তর অগ্রণী ভূমিকা পালন করছে। এই দপ্তর তার সকল সেবা আরো সহজীকরণ করতে এবং সেবা গ্রহীতার দোরগোড়ায় দ্রুত সেবা পৌঁছে দিতে ২০১৯ সালের ১ জুলাই হতে Online Licensing Module (OLM) চালু করেছে যা বাণিজ্য মন্ত্রণালয়ের অর্জনকে আরো সমৃদ্ধ করেছে। ইতোমধ্যে এ দপ্তর প্রদত্ত ৫৫টি সেবার মধ্যে ৩৩ টি সেবা Online Licensing Module (OLM) এর মাধ্যমে প্রদান করা হচ্ছে এবং আমি জেনে অত্যন্ত আনন্দিত যে, আগামী ৬ মাসের মধ্যে এ দপ্তরের সমূদয় সেবা OLM এর মাধ্যমে প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সেবা প্রদানসহ সম্পূর্ণ কার্যক্রম অনলাইনে প্রদানের মাধ্যমে এক যুগান্তকারী গৌরব অর্জন করবে বলে আমি আশাবাদ ব্যক্ত করছি। এই প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এই দপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো সুস্পষ্ট হবে।

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ এর অংশ হিসেবে অনলাইনে সেবা প্রদানের মাধ্যমে আমদানি ও রপ্তানি বাণিজ্য সহজীকরণ ও বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সার্বিক সহায়তা প্রদানের মাধ্যমে অত্র দপ্তর ব্যবসা বাণিজ্য তথা আর্থ-সামাজিক উন্নয়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করছে। ভবিষ্যতে এ প্রচেষ্টা আরো বেগবান হবে বলে আমি আশা করি।

গত বছরের প্রতিবেদন ও Online Licensing Module (OLM) এর উপর প্রকাশিত সাফল্যের প্রথম বছর (২০১৯-২০) প্রকাশের পর তা ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। আমি আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের বার্ষিক প্রতিবেদন (২০২০-২১) প্রণয়ন ও প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(তপন কান্তি ঘোষ)

মুখবন্ধ

জনাব শেখ রফিকুল ইসলাম পিএএ
প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ২০২০-২১ অর্থবছরের সার্বিক কার্যাবলী ও অগ্রগতি সম্পর্কে সম্যক ধারণা প্রদান করার উদ্দেশ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। এ প্রতিবেদন প্রকাশের মাধ্যমে দপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং গতিশীলতা বৃদ্ধি পাবে বলে আমি বিশ্বাস করি।

জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে, সরকার কর্তৃক ঘোষিত রূপকল্প বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন ও ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে উন্নীত করার জন্য এ দপ্তর অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অত্র অধিদপ্তর ২০১৯ সালের ১ জুলাই থেকে সকল ধরনের নিবন্ধন সেবা অনলাইনে প্রদানের জন্য অনলাইন লাইসেন্সিং মডিউল (OLM) চালু করে। আমদানি ও রপ্তানি পারমিট সংক্রান্ত ১১ টি সেবা সহ মোট ৩৩ টি সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। উক্ত সেবাসমূহ পেতে সেবা প্রার্থীকে অফিসে আসতে হচ্ছে না। তাঁরা ঘরে বসে অথবা যে কোন স্থান থেকে আবেদন করে প্রায় শতভাগ কাঙ্খিত সেবা (অনুমতি/সনদ) পাচ্ছে।

দ্রুততর সময়ের মধ্যে সেবা অনুমোদনের সুযোগ সৃষ্টির ফলে গ্রাহকের Time, Cost, Visit (TCV) অনেক কমে এসেছে। অন্যান্য সেবাসমূহ ই-নথির মাধ্যমে নিষ্পত্তি হয়। অর্থাৎ ম্যানুয়াল পদ্ধতির অবসান ঘটিয়ে সকল প্রকার অভ্যন্তরীণ ও নাগরিক সেবা ডিজিটালি নিষ্পত্তি করা হচ্ছে। কয়েক মাসের মধ্যেই অত্র অফিস কর্তৃক প্রদত্ত প্রায় ৫৫ ধরনের সেবা নিজস্ব সফটওয়্যার OLM এর মাধ্যমে প্রদান করা হবে এবং অত্র দপ্তর সম্পূর্ণ পেপারলেস অফিস (Paperless Office) হিসেবে দৃষ্টান্ত স্থাপন করবে বলে আশা করা যায়।

সেবা গ্রহীতাদের স্বচ্ছভাবে সহজে সেবা প্রদানের জন্য OLM কে যুগোপযোগী করার লক্ষ্যে বিভিন্ন সরকারি দপ্তরের সাথে অনলাইন ইন্টিগ্রেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এবং সোনালী ব্যাংক লিমিটেড এর সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। NBR (NSW), RJSC, Hi-tech Park Authority, Bangladesh Bank এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে দ্রুত সমঝোতা স্মারক স্বাক্ষর করে ইন্টেগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে যাতে করে দ্রুত নাগরিক সেবা প্রদান নিশ্চিত হয় এবং ব্যবসা বাণিজ্য কার্যক্রম স্বচ্ছ ও গতিশীল হয়।

সরকারী বেসরকারি প্রকল্প বাস্তবায়নে অত্র অফিসের বিশেষ ভূমিকা রয়েছে। সরকারের মেগা প্রজেক্ট তথা বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে ক্যাপিটাল মেশিনারিসহ বিভিন্ন ধরনের পণ্য আমদানি করতে হয়। উক্ত পণ্য আমদানির ক্ষেত্রে অত্র অফিস থেকে ইমপোর্ট পারমিট (আইপি) / ক্লিয়ারেন্স পারমিট (সিপি) প্রদান করা হয়। দেশের উন্নয়নে গৃহীত প্রকল্প বাস্তবায়নে অত্র দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ সদা সচেষ্ট।

করোনার উচ্চ সংক্রমনকালেও যাতে উন্নয়ন প্রকল্প তথা আমদানি ও রপ্তানি কার্যক্রমে বিঘ্ন না ঘটে সেজন্য অত্র দপ্তর নিরলসভাবে কাজ করেছে। ফলে করোনা মহামারীর সময়ে সরকারী উন্নয়ন প্রকল্পের কাজের কোন বিঘ্ন সৃষ্টি হয়নি এবং ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে ব্যবসায়ীগণও কোন প্রতিবন্ধকতা ছাড়া আমদানি ও রপ্তানি কার্যক্রম পরিচালনা করতে পেরেছেন।

সাফল্যের সাথে সেবা প্রদান নিশ্চিত করার জন্য অত্র অফিসের সকল কর্মকতা ও কর্মচারীবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি বার্ষিক প্রতিবেদনটি প্রণয়ন ও প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

শেখ রফিকুল ইসলাম পিএএ

২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন।
- জাতির পিতার ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ২০২০ পালন।
- অনলাইন লাইসেন্সিং মডিউল (ওএলএম) সাফল্যের প্রথম বছর (বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০) প্রতিবেদন প্রকাশ।
- ৩য় শ্রেণির বিভিন্ন পদে ৫১ জন কর্মচারী অস্থায়ী ভাবে নিয়োগ পত্র প্রদান।
- বিভিন্ন পদে ০৫ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান।
- করোনা ভাইরাস মহামারী মোকাবেলায় গৃহীত সচেতনতামূলক কার্যক্রম (কোভিড-১৯) গ্রহণ ও প্রতিপালন।
- করোনা মহামারীকালীন সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অনলাইনে অব্যাহতভাবে আমদানি ও রপ্তনি সংক্রান্ত সেবা প্রদানের মাধ্যমে উন্নয়ন প্রকল্প সচল রাখায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন।
- করোনা মহামারীতে বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থা/হাসপাতাল/প্রতিষ্ঠানের প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রী ও যন্ত্রপাতি আমদানি সংক্রান্ত তাৎক্ষণিক সেবা প্রদানের মাধ্যমে করোনা মোকাবেলায় অবদান রাখা।
- ওএলএম এর মাধ্যমে নিরবচ্ছিন্ন ভাবে শতভাগ সেবা প্রদান নিশ্চিত করা।
- ওএলএম ব্যতিত অন্যান্য সকল সেবা ই-নথির মাধ্যমে অনলাইনে প্রদান করা।
- বাংলাদেশ হাই-টেকপার্ক কর্তৃপক্ষ এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।
- বাংলাদেশ ব্যাংক এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।
- সোনালী ব্যাংক লিমিটেড এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।
- বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর সাথে অনলাইন ইন্টিগ্রেশন সম্পন্ন।
- সোনালী ব্যাংক লিমিটেড এর সাথে এপিআই ইন্টিগ্রেশনের মাধ্যমে ই-পেমেন্ট ব্যবস্থা চালু করা হয়েছে।
- কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ১৩ টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে
- তিন জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।
- ২০২০-২০২১ অর্থ বছরে সর্বমোট ৫৫ ধরনের সেবা প্রদান করা হয়েছে।
- ২০২০-২০২১ অর্থ বছরে সেবা প্রদান বাবদ ১০৯,৬৬,৫১,০০০/- (একশত নয় কোটি ছেষট্টি লক্ষ একান্ন হাজার) টাকা কর ব্যতিত রাজস্ব আদায় করা হয়েছে।

সিসিআইএন্ডই এর ভবিষ্যৎ সম্পাদিতব্য কার্যক্রমসমূহ

- ২০২১-২২ অর্থ বছরে জাতির পিতার জন্মশত বার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ৫০ ধরনের সেবা অনলাইন সিস্টেম Online Licensing Module (OLM) এর মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে।
- পর্যায়ক্রমে সকল সেবা অনলাইনের মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে।
- আগামীতে একটি সমৃদ্ধ আধুনিক পাঠাগার/ লাইব্রেরী ও একটি যাদুঘর প্রতিষ্ঠা করা হবে।
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রযুক্তি বিষয়ে ট্রেইন আপ হয়ে দক্ষ হয়ে উঠতে পারে সে জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।
- অত্র দপ্তরের সেবা প্রদানের ক্ষেত্রে যে সকল দপ্তরের সুপারিশ/কাগজাদি যাচাই বাছাই করতে হয় সে সকল দপ্তরের সাথে দ্রুততম সময়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর ও ইন্টিগ্রেশন সম্পন্ন করা হবে।
- শুদ্ধাচার প্রতিষ্ঠায় সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।

গুরুত্বপূর্ণ কার্যক্রমের কিছু স্থিরচিত্র

চিত্র: সোনালী ব্যাংকের মাধ্যমে ই-পেমেন্ট গ্রহণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি এমপি

চিত্র: সোনালী ব্যাংকের মাধ্যমে ই-পেমেন্ট গ্রহণের লক্ষ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক হস্তান্তর।

চিত্র: বাণিজ্য সচিব জনাব তপন কান্তি ঘোষ মহোদয়ের সিসিআইএন্ডই পরিদর্শন।

চিত্র: সোনালী ব্যাংকের মাধ্যমে ই-পেমেন্ট গ্রহণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি এমপি

চিত্র: ওরিয়েন্টেশন কর্মশালার সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বাণিজ্য সচিব জনাব তপন কান্তি ঘোষ মহোদয়।

চিত্র: সোনালী ব্যাংকের মাধ্যমে ই-পেমেন্ট গ্রহণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ।

চিত্র: ওরিয়েন্টেশন কর্মশালার সমাপনী অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি বাণিজ্য সচিব জনাব তপন কান্তি ঘোষ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

চিত্র: সিসিআইএন্ডই এর অনলাইন সেবার অবহিতকরণ কর্মশালায় উপস্থিত প্রধান নিয়ন্ত্রক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

চিত্র: প্রধান নিয়ন্ত্রক মহোদয়কে শুভেচ্ছা স্মারক দিচ্ছেন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর ব্যবস্থাপনা পরিচালক।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর সর্ম্পকিত

❑ পটভূমি

বাংলাদেশের অভ্যুদয়ের পূর্ববর্তীকালে দেশের আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রায় তিন দশক ধরে বিস্তৃত ছিল। Defense of India Rules এর অধীনে প্রদত্ত ক্ষমতা বলে ১৯৪০ সালে ভারতবর্ষের আমদানি ও রপ্তানি বাণিজ্যের উপর প্রথম নিয়ন্ত্রণের সূচনা করা হয়। মূলত দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে নৌ-পরিবহণ ব্যবস্থা হুমকির সম্মুখীন হলে তদানীন্তন বৃটিশ সরকার ভারত প্রতিরক্ষা বিধি জারি করে। এ নিয়ন্ত্রণ ব্যবস্থার মূখ্য উদ্দেশ্য ছিল সীমিত নৌ-পরিবহণের প্রেক্ষিতে কেবলমাত্র যুদ্ধ প্রচেষ্টার সাথে জড়িত এবং অতি প্রয়োজনীয় পণ্য সামগ্রী পরিবহণে অগ্রাধিকার দেয়া। ভারত বিভাগের পর পাকিস্তানে বৈদেশিক মুদ্রার মারাত্মক অভাব দেখা দিলে উক্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা অব্যাহত রাখা হয় এবং এর পরিধি আরও বিস্তৃত করা হয়। এরই ধারাবাহিকতায় আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ জারি করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫০ সালের আমদানি নিয়ন্ত্রণ আইনের মৌলিক কাঠামো ঠিক রেখে ১৯৭৪ সালে প্রথম সংশোধনী আনেন।

১৬ ডিসেম্বর, ১৯৭১ স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় দেশের আমদানি নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং অর্থনীতি সম্পূর্ণরূপে বিধ্বস্ত অবস্থায় ছিল। ১৯৭২ সালের ১০ জানুয়ারি স্বাধীনতার মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশে পদার্পণ করে দেশের বিধ্বস্ত আমদানি ও রপ্তানি ব্যবস্থা তথা বৈদেশিক বাণিজ্যের উপর বিশেষ গুরুত্বারোপ করে এর উন্নতিকল্পে মনোযোগ দেন। তাঁর স্বপ্ন ছিল কৃষি ও শিল্প খাতের যুগপৎ উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিকে শক্তিশালী ও টেকসই করা। এর ধারাবাহিকতায় তিনি ১৯৭৩ সালে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর পূনর্গঠন এবং পণ্য আমদানি ও রপ্তানির জন্য লাইসেন্সিং ব্যবস্থা সহজিকরণ করে ত্বরিত গতিতে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি এবং দেশের জনগণের মাথাপিছু আয় ও জীবনযাত্রার মানোন্নয়নে পদক্ষেপ গ্রহণ করেন।

বর্তমান মুক্তবাজার অর্থনীতিতে বাংলাদেশের প্রেক্ষাপটে বৈদেশিক বাণিজ্যে আমদানি ও রপ্তানি বাণিজ্যের ভূমিকা অতি গুরুত্বপূর্ণ। খাদ্যশস্য, কৃষি উপাদান, শিল্পের মূলধনি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, কাঁচামাল, জ্বালানী এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্যের চাহিদার একটি বৃহৎ অংশের যোগান আমদানি বাণিজ্যের মাধ্যমেই মেটান হয়ে থাকে। জাতীয় বাজেটের অর্থ সংস্থানের ক্ষেত্রে আমদানি উদ্ভূত কর ও শুল্ক দেশের অভ্যন্তরীণ সম্পদ আহরণের প্রধানতম আয়ের উৎস। দেশের অর্থনীতিতে আমদানি বাণিজ্যের এ গুরুত্বপূর্ণ ভূমিকা অদূর ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

বাংলাদেশের অর্থনীতিতে যে দৃশ্যমান নীতি পরিবর্তন ঘটেছে তা হলো মুক্তবাজার অর্থনীতিতে ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে উত্তরণ যেখানে ব্যক্তি খাতকে প্রধান চালিকাশক্তি হিসেবে বিবেচনা করা হয়েছে। কাজেই জাতির পিতার শুরু করা অগ্রণী ভূমিকার ফসলই বর্তমান বাংলাদেশের অর্থনীতি। টেকসই অর্থনীতি ও বৈদেশিক বাণিজ্যের উপর ভিত্তি করে বর্তমান সরকারের লক্ষ্য ২০৪১ সালে বাংলাদেশকে উন্নত রাষ্ট্রের মর্যাদায় প্রতিষ্ঠিত করা।

রূপকল্প (Vision)

ব্যবসা বাণিজ্য উদারীকরণ, সহজিকরণ ও বিশ্ব বাণিজ্য ব্যবস্থার সাথে তাল মিলিয়ে যুগোপযোগী করে আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গঠনে ভূমিকা রাখা এবং সরকারের কর ব্যতীত রাজস্ব আদায়ে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি ব্যবসায়ী সমাজ তথা জনগণকে সেবা প্রদানের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করা।

অভিলক্ষ্য (Mission)

বর্তমান বিশ্বব্যপী অনুসৃত মুক্তবাজার অর্থনীতি ও ডব্লিউটিও ফ্রেমওয়ার্কের আলোকে দেশীয় শিল্প সংরক্ষণ এবং জনস্বার্থ ও নিরাপত্তা বিবেচনায় নিয়ে বৈদেশিক বাণিজ্য বিষয়ক ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করে বৈদেশিক এবং অভ্যন্তরীণ বাণিজ্যের সাথে সংশ্লিষ্ট সকল ব্যবসায়ীদের নিবন্ধন ও পারমিট প্রদান, সেবা সহজীকরণের আওতায় অনলাইনে সেবা প্রদানের মাধ্যমে ব্যবসা বান্ধব পরিবেশ তৈরি, শিল্পায়নের মাধ্যমে দেশি-বিদেশী বিনিয়োগ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করা।

সাংগঠনিক কাঠামো

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের অধীনে ৮ টি বিভাগীয় অফিস ও ৬ টি জেলা অফিস রয়েছে। সাংগঠনিক কাঠামোতে ২৭৬ টি অনুমোদিত পদ রয়েছে। তার মধ্যে ৯১টি পদে জনবল কর্মরত আছে। সাংগঠনিক কাঠামো নিম্নরূপঃ

ক) আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের জনবল কাঠামো:

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের জনবল সংখ্যা মোট ৬৯ জন যার কাঠামো নিম্নরূপ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	প্রধান নিয়ন্ত্রক	১
২	অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক	১
৩	নিয়ন্ত্রক	১
৪	উপ নিয়ন্ত্রক	১
৫	সহকারী নিয়ন্ত্রক	৪
৬	নির্বাহী অফিসার	৯
৭	সাঁট লিপিকার (পিএ)	১
৮	সাঁট লিপিকার	১
৯	সাঁট মুদ্রাক্ষরিক	১
১০	উচ্চমান সহকারী	১৩
১১	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১২
১২	গাড়ী চালক	২
১৩	দপ্তরী	২
১৪	দারোয়ান	১
১৫	অফিস সহায়ক	১৯
	মোট	৬৯

খ) আঞ্চলিক দপ্তরের জনবল কাঠামো:

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অধীনে ১৪টি আঞ্চলিক দপ্তর রয়েছে, যেখানে জনবল কাঠামোতে মোট ২০৭ জন জনবল রয়েছে । দপ্তর ভিত্তিক জনবল কাঠামো নিম্নে দেখানো হলো।

বিভাগীয় অফিসঃ মোট ০৮ টি বিভাগীয় অফিসে জনবল কাঠামো ১৭৩ জন, যা নিম্নে বিভাগওয়ারী দেখান হলো:

(০১) আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নিয়ন্ত্রক	১
২	উপ নিয়ন্ত্রক	১
৩	সহকারী নিয়ন্ত্রক	৩
৪	নির্বাহী অফিসার	৮
৫	সাঁট লিপিকার	১
৬	সাঁট মুদ্রাক্ষরিক	১
৭	উচ্চমান সহকারী	১০
৮	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৩
৯	দপ্তরী	১
১০	অফিস সহায়ক	১৪
	মোট	**৫৩**

(০২) আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নিয়ন্ত্রক	১
২	উপ নিয়ন্ত্রক	১
৩	সহকারী নিয়ন্ত্রক	২
৪	নির্বাহী অফিসার	৮
৫	সাঁট লিপিকার	১
৬	সাঁট মুদ্রাক্ষরিক	১
৭	উচ্চমান সহকারী	৯
৮	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১২
৯	গাড়ী চালক	১
১০	দপ্তরী	১
১১	অফিস সহায়ক	১৪
	মোট	**৫১**

(০৩) আমদানি ও রপ্তানি যুগ্ম নিয়ন্ত্রকের দপ্তর, খুলনা

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	যুগ্ম নিয়ন্ত্রক	১
২	উপ নিয়ন্ত্রক	১
৩	নির্বাহী অফিসার	২
৪	সাঁট লিপিকার	১
৫	সাঁট মুদ্রাক্ষরিক	১
৬	উচ্চমান সহকারী	৩
৭	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩
১০	দপ্তরী	১
১১	অফিস সহায়ক	৬
	মোট	**১৯**

(০৪) আমদানি ও রপ্তানি যুগ্ম নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	যুগ্ম নিয়ন্ত্রক	১
২	উপ নিয়ন্ত্রক	১
৩	নির্বাহী অফিসার	২
৪	সাঁট লিপিকার	১
৫	সাঁট মুদ্রাক্ষরিক	১
৬	উচ্চমান সহকারী	২
৭	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২
১০	দপ্তরী	১
১১	অফিস সহায়ক	৪
	মোট	**১৫**

(০৫) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিলেট

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	সহকারী নিয়ন্ত্রক	১
২	নির্বাহী অফিসার	২
৩	উচ্চমান সহকারী	২
৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২
৫	অফিস সহায়ক	৪
	মোট	**১১**

(০৬) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বরিশাল

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	সহকারী নিয়ন্ত্রক	১
২	নির্বাহী অফিসার	২
৩	উচ্চমান সহকারী	১
৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২
৫	অফিস সহায়ক	৪
	মোট	**১০**

(০৭) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, রংপুর

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২
৪	অফিস সহায়ক	৩
	মোট	**৭**

(০৮) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২
৪	অফিস সহায়ক	৩
	মোট	**৭**

জেলা অফিসঃ মোট ০৬ টি জেলা অফিসে জনবল কাঠামো ৩৪ জন যা নিম্নে জেলাওয়ারী দেখান হলো:

(০১) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, কুমিল্লা

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	২
২	উচ্চমান সহকারী	২
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২
৪	অফিস সহায়ক	৩
	মোট	**৯**

(০২) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, পাবনা

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১
৪	অফিস সহায়ক	২
	মোট	**৫**

(০৩) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, দিনাজপুর

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১
৪	অফিস সহায়ক	২
	মোট	**৫**

(০৪) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১
৪	অফিস সহায়ক	২
	মোট	**৫**

(০৫) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, নওগাঁ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১
৪	অফিস সহায়ক	২
	মোট	**৫**

(০৬) আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল
১	নির্বাহী অফিসার	১
২	উচ্চমান সহকারী	১
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১
৪	অফিস সহায়ক	২
	মোট	**৫**

➢ আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যাবলী

- ❖ সকল প্রকার আমদানি ও রপ্তানি নিবন্ধন সনদ প্রদান;
- ❖ সরকারী ও সরকারের সহায়তায় বাস্তবায়নাধীন সকল প্রকল্পের মালামাল আমদানিতে আইপি ও সিপি জারি;
- ❖ নিবন্ধন ফিস ও নবায়ন ফিস আদায় তদারকিকরণ এবং এতদসংক্রান্ত পরিসংখ্যান সংগ্রহ ও সংরক্ষণ;
- ❖ আমদানি নীতি আদেশ প্রণয়ন, পরিবর্তন, সংযোজন, সংশোধন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারিকরণে বাণিজ্য মন্ত্রণালয়কে প্রত্যক্ষ সহায়তা প্রদান;
- ❖ আমদানি নীতি আদেশের বিধানসমূহ সম্পর্কে সৃষ্ট যে কোনো জটিলতার ব্যাখ্যা প্রদান;
- ❖ আমদানি ও রপ্তানি সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণ এবং তদানুযায়ী সরকারকে অবহিতকরণ;
- ❖ শিল্প কারখানা পরিদর্শনের মাধ্যমে আমদানিকৃত পণ্যের যথাযথ ব্যবহার পর্যবেক্ষণ করা;
- ❖ শিল্প ব্যবহারে মালামাল নিবন্ধন ব্যতীত আমদানির অনুমতি প্রদান;
- ❖ আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ দেশী ও বিদেশী মেলায় প্রতিষ্ঠানের অংশগ্রহণের জন্য আমদানি ও রপ্তানি পারমিট জারিকরণ;
- ❖ ইম্পোর্ট ট্রেড কন্ট্রোল কমিটি (আইটিসি) এর মাধ্যমে এইচএস কোড নম্বর, পণ্যের শ্রেনিবিন্যাস অথবা বিবরণ সম্পর্কে বিরোধসহ অন্যান্য বিষয়ে শুল্ক কর্তৃপক্ষের সঙ্গে আমদানিকারকের উদ্ভুত সমস্যা নিষ্পত্তিকরণ;
- ❖ বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক থেকে প্রাপ্ত ঋণপত্রের কপি পরীক্ষাকরণ ও তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ, পর্যালোচনা ও সংরক্ষণ;
- ❖ বন্দরে আসা মালামালসমূহ ছাড়করণের জন্য ক্লিয়ারেন্স পারমিট(সিপি) জারি ও পূর্বানুমতিপত্র জারী করা ইত্যাদি।

➢ প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের শাখা ভিত্তিক কার্যক্রম

শাখা-১ (শিল্প ও রপ্তানি)	
(০১)	শিল্প প্রতিষ্ঠানের এডহক/নিয়মিত আমদানি নিবন্ধন সনদপত্র জারি এবং শিল্প খাতের যাবতীয় কাজ;
(০২)	বিদেশী ও বহুজাতিক কোম্পানীর অনুকূলে আমদানি ও রপ্তানি নিবন্ধন সনদপত্র জারিসহ এতদসংক্রান্ত অন্যান্য কাজ;
(০৩)	ব্যাংক গ্যারান্টির বিপরীতে যন্ত্রপাতি মেরামত ও অন্যান্য ক্ষেত্রে রপ্তানি-কাম-আমদানি অনুমতি/পারমিট জারি;
(০৪)	পোশাক শিল্প কর্তৃক রপ্তানিকৃত পণ্য ফেরত আসায় উহা খালাস ও পুনঃরপ্তানি সংক্রান্ত সকল
(০৫)	ব্যক্তিগত ব্যবহৃত পণ্যসামগ্রী, নমুনা, টেস্টিং, উপহার সামগ্রী ও ডিফেক্টিভ পণ্যের রপ্তানির পারমিট সহ অন্যান্য রপ্তানি পারমিট;
(০৬)	রপ্তানি নীতি'র উপর মতামত প্রদান ও অন্যান্য রপ্তানি অনুমতি জারি সংক্রান্ত কাজ;
(০৭)	আমদানি ব্যয় ও রপ্তানি আয়ের পরিসংখ্যান সংক্রান্ত কাজ;
(০৮)	ফ্রাসটেটেড কার্গো, মন্ত্রণালয়ের অনুমোদিত শর্তযুক্ত/নিষিদ্ধ পণ্যের রপ্তানির অনুমতি এবং
(০৯)	অন্ট্রাপো ও পুনঃরপ্তানির (মূল্য সংযোজন পূর্বক) অনুমতি সংক্রান্ত কাজ।

শাখা-২ (প্রশাসন)	
(০১)	প্রশাসনিক সকল কাজ;
(০২)	নিরাপত্তা দলিল সংরক্ষণ/বিতরণ/রেজিষ্টারে লিপিবদ্ধকরণ এবং অফিস সরঞ্জাম ও স্টোর সংক্রান্ত সকল কাজ;
(০৩)	Help Desk, চিঠিপত্র গ্রহণ ও প্রেরণ সংক্রান্ত কাজ;
(০৪)	গাড়ী রক্ষণাবেক্ষণ, টেলিফোন, বইপত্র ও পত্র-পত্রিকা সংক্রান্ত কাজ;
(০৫)	সকল মাসিক রিপোর্ট/প্রণয়ন ও প্রদান;
(০৬)	মাসিক সমন্বয় সভা, ত্রৈমাসিক সমন্বয় সভাসহ অন্যান্য সভা/আয়োজন এবং এ সংক্রান্ত কাজ;
(০৭)	প্রশিক্ষণ ও সেমিনার আয়োজন, ব্যবস্থাপনা এবং আপ্যায়ন সংক্রান্ত কাজ;
(০৮)	ক্রয় পরিকল্পনা ও ক্রয় কার্যক্রম সংক্রান্ত কাজ;
(০৯)	রাজস্ব আদায় মনিটরিং, প্রকল্প/পরিকল্পনা, নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টরদের হিসাব সংক্রান্ত সকল কাজ;

(১০) অডিট আপত্তি/নিষ্পত্তি সংক্রান্ত কাজ;
(১১) সদর দপ্তর/আঞ্চলিক দপ্তরসমূহের বাজেট প্রণয়ন ও বিভাজন এবং আইবাসে (ibass) এন্ট্রি সংক্রান্ত কাজ;
(১২) ক্যাশ/বিল ও মাসিক ব্যয়ের খতিয়ান সংক্রান্ত সকল কাজ এবং
(১৩) টিএ/বিএ বিল ইত্যাদি আর্থিক সংক্রান্ত সকল কাজ।

শাখা-৩ (আমদানি)

(০১) বিভিন্ন সরকারী প্রকল্প/প্রতিষ্ঠান/সংস্থার অনুকুলে আমদানি পারমিট/পুর্বানুমতি জারি সংক্রান্ত কাজ;
(০২) প্রকল্প/সংস্থার অনুকূলে পূর্বানুমতি/ আমদানির অনুমতি সংক্রান্ত কাজ;
(০৩) ক্লিয়ারেন্স পারমিট (সিপি) জারি সংক্রান্ত কাজ;
(০৪) বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অস্থায়ীভাবে আমদানির জন্য ফেরতের ভিত্তিতে আমদানি পারমিট জারি;
(০৫) বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকূলে আমদানির পূর্বানুমতি/অনুমতি সংক্রান্ত কাজ;
(০৬) ইক্যুইটি শেয়ারের বিপরীতে, ব্যাগেজ রুলের আওতায় ও আন্তর্জাতিক/আঞ্চলিক মেলার বিপরীতে আমদানি পারমিট জারি;
(০৭) স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, চিকিৎসা প্রতিষ্ঠান, হোটেল, ক্লাব, সমিতি ও আর্থিক প্রতিষ্ঠানের আমদানি সংক্রান্ত সকল কাজ ও বিভিন্ন এয়ারলাইন্স এর আমদানি সংক্রান্ত কাজ;
(০৮) ঋণপত্র ও জাহাজীকরণের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত কাজ;
(০৯) সামরিক/বেসামরিক ব্যক্তি পর্যায়ে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আমদানি সংক্রান্ত কাজ
(১০) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানি ও পুনঃরপ্তানি সংক্রান্ত কাজ;
(১১) বাণিজ্যিক খাতে আমদানি সংক্রান্ত কাজ এবং;
(১২) রিপ্লেসমেন্ট এর আওতায় ডিফেক্টিভ পণ্যের আমদানি পারমিট সংক্রান্ত কাজ।

শাখা-৪ (আইসিটি ও আইন-বিধি)

(০১) আমদানী নীতি আদেশ প্রণয়ন ও রপ্তানি নীতি সংশোধন, বাস্তবায়ন ও ব্যাখ্যা প্রদান সংক্রান্ত কাজ;
(০২) কেন্দ্রীয় আইসিটি কমিটি সংক্রান্ত কাজ;
(০৩) মামলা সংক্রান্ত সকল কাজ;
(০৪) জাতীয় সংসদ সম্পর্কিত সকল কাজ;
(০৫) Innovation ও GPRS সংক্রান্ত কাজ;
(০৬) WTO ও FTA সংক্রান্ত কাজ;
(০৭) Online Licensing Module (OLM) সংক্রান্ত যাবতীয় কাজ;
(০৮) ই-ফাইলিং সংক্রান্ত যাবতীয় কাজ;
(০৯) Web-site রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ;
(১০) APA ও NIS সংক্রান্ত যাবতীয় কাজ;
(১১) a2i, জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা, RTI সংক্রান্ত সকল কাজ;
(১২) আইআরসি হতে অব্যাহতি প্রদান সংক্রান্ত কাজ;
(১৩) একই টিন (TIN) এর অধীনে একাধীন নিবন্ধন সনদ জারি সংক্রান্ত কাজ এবং
(১৪) ০৩ (তিন) বছরের অধিক অনবায়িত নিবন্ধন সনদসমূহ নবায়নের অনুমতি সংক্রান্ত কাজ।

আইন ও বিধিসমূহ

(ক) আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০

দ্বিতীয় মহাযুদ্ধকালে নৌ-পরিবহণ ব্যবস্থা হুমকির সম্মুখীন হলে তদানীন্তন বৃটিশ সরকার ভারত প্রতিরক্ষা বিধি জারি করে। এ নিয়ন্ত্রণ ব্যবস্থার মূখ্য উদ্দেশ্য ছিল সীমিত নৌ-পরিবহণের প্রেক্ষিতে কেবলমাত্র যুদ্ধ প্রচেষ্টার সাথে জড়িত এবং অতি প্রয়োজনীয় পণ্য সামগ্রী পরিবহণে অগ্রাধিকার দেয়া। ভারত বিভাগের পর পাকিস্তানে বৈদেশিক মুদ্রার মারাত্মক অভাব দেখা দিলে উক্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা অব্যাহত রাখা হয় এবং এর পরিধি আরও বিস্তৃত করা হয়। এরই ধারাবাহিকতায় আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ জারি করা হয়। বঙ্গবন্ধু ১৯৫০ সালের আমদানি নিয়ন্ত্রণ আইনের মৌলিক কাঠামো ঠিক রেখে ১৯৭৪ সালে প্রথম সংশোধনী আনেন। সময়ের পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে এ সকল বিধি বিধানও প্রয়োজন মত পরিবর্তন ও সংশোধন করা হয়। সাধারণভাবে আমদানি সংক্রান্ত বিধি ও পদ্ধতি, যথা- আমদানিকারকদের শ্রেণিবিন্যাস পূর্বক নিবন্ধন, আমদানি খাতে প্রদেয় ফিস এবং আমদানি সংক্রান্ত বিষয়ে আবেদনের নিস্পত্তিকরণ আমদানি নীতি আদেশ, রপ্তানি নীতি, আমদানি, রপ্তানি, ইন্ডেন্টরস রেজিস্ট্রেশন অর্ডার ১৯৮১, রিভিউ, আপিল ও রিভিশন অর্ডার, ১৯৭৭ এবং আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ তফসিল ১৯৮৮ অত্র আইনের অধীনে প্রণীত হয়।

(খ) আমদানি, রপ্তানি ও ইন্ডেন্টরস রেজিস্ট্রেশন অর্ডার, ১৯৮১

স্বাধীনতা উত্তরকালে পণ্য দ্রব্য আমদানি করার জন্য পণ্য ভিত্তিক লাইসেন্সিং ব্যবস্থা প্রবর্তিত ছিল। আমদানি নিয়ন্ত্রিত থাকায় শুধুমাত্র আমদানিতব্য পণ্য (পজেটিভ লিস্ট) এর জন্য আলাদা আলাদা লাইসেন্স ইস্যু করা হত। পরবর্তীতে ব্যবসা-বাণিজ্যের বিস্তৃতি ঘটলে বিশ্ব বাণিজ্য ব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে দেশের আমদানি উদারীকরণের মাধ্যমে দেশীয় চাহিদা মেটানো ও মূল্য সংযোজন করে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে আমদানি, রপ্তানি ও ইন্ডেন্টরস রেজিস্ট্রেশন অর্ডার ১৯৮১ প্রণয়ন করা হয়। এর মাধ্যমে আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টিং প্রতিষ্ঠানসমূহকে নিবন্ধন সনদপত্র প্রদান করা হয়। যার ফলশ্রুতিতে ব্যবসায়ী সমাজ মুক্তবাজার অর্থনীতির সঙ্গে তাল মিলিয়ে দেশের অর্থনীতি বিকাশে অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

(গ) রিভিউ, আপিল ও রিভিশন অর্ডার, ১৯৭৭

এ আদেশ অনুসারে লাইসেন্সিং অথোরিটি অথবা প্রধান নিয়ন্ত্রকের আদেশে সংক্ষুব্ধ পার্টি (ব্যক্তি/কোম্পানী/ফার্ম) এক মাসের মধ্যে রিভিউ এর জন্য আবেদন করতে পারবেন। প্রধান নিয়ন্ত্রক ব্যতীত অন্য লাইসেন্সিং অথোরিটির রিভিউ আদেশের বিরুদ্ধে প্রধান নিয়ন্ত্রক বরাবর এবং প্রধান নিয়ন্ত্রকের রিভিউ আদেশের বিরুদ্ধে বাণিজ্য সচিব বরাবর আপিল করতে পারবেন। প্রধান নিয়ন্ত্রক কর্তৃক আপিলের আদেশ বাণিজ্য সচিব বরাবর বিবেচনার জন্য রিভিশন আবেদন করতে পারবেন। রিভিউ, আপিল ও রিভিশন অর্ডার, ১৯৭৭ এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে।

(ঘ) আমদানি নীতি আদেশ

সাধারণভাবে প্রযোজ্য সকল বিধি বিধান ছাড়াও উক্ত আইনের ক্ষমতা বলে সরকার প্রতি ৩ (তিন) বছর অন্তর আমদানি সংক্রান্ত সুনির্দিষ্ট বিধি বিধান সংবলিত আমদানি নীতি আদেশ প্রণয়ন করে থাকে। প্রকৃতপক্ষে এ আমদানি নীতি আদেশই হল বৈদেশিক বাণিজ্য নিয়ন্ত্রণের মূখ্য হাতিয়ার। দ্রুত পরিবর্তনশীল বিশ্ব বাজার ব্যবস্থার সাথে দেশের আমদানি নীতি যুগোপযোগী করার লক্ষ্যে আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ এর ৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি কর্তৃক প্রণীত হয়। জারিকৃত আমদানি নীতি আদেশ আইনগতভাবে বাস্তবায়নের দায়িত্ব আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের। আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর বিধানাবলীর মাধ্যমে বর্তমান আমদানি ব্যবস্থা নীতি আদেশ পরিচালিত হচ্ছে। বর্তমানে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ প্রণয়ন প্রক্রিয়াধীন।

(ঙ) রপ্তানি নীতি

বিশ্ব বাজার ব্যবস্থার বিধিবিধানের আলোকে দেশের রপ্তানিমুখী শিল্প ও বাণিজ্যের উন্নয়ন এবং পণ্য ও সেবা রপ্তানি বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির দ্বারা দেশের জনগণের জীবন মান উন্নয়নের লক্ষ্যে আমদানি ও

রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ এর ৩(১) ধারার ক্ষমতা বলে সরকার কর্তৃক রপ্তানি নীতি প্রণীত হয়। দেশিয় সম্পদের সর্বোত্তম ব্যবহার এবং সেই সাথে মূলধনী যন্ত্রপাতি (Capital machinery) ও পণ্যের কাঁচামাল (Raw materials) আমদানি করে মূল্য সংযোজন (Value addition) এর দ্বারা রপ্তানি পণ্য বহুমুখীকরণ ও নতুন বাজার সৃষ্টির মাধ্যমে বিশ্ব বাজারে বাংলাদেশের ন্যায্য হিস্যা আদায়ের লক্ষ্যে প্রতি তিন বছর পর পর রপ্তানি নীতি প্রণয়ন করা হচ্ছে। রপ্তানি নীতি বাস্তবায়নে রপ্তানিকারকদের নিবন্ধন সনদপত্র প্রদান ও রপ্তানি অনুমতি/পারমিশন এ দপ্তর হতে প্রদান করা হচ্ছে। বর্তমানে রপ্তানি নীতি আদেশ ২০২১-২০২৪ প্রণয়ন প্রক্রিয়াধীন।

(চ) আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ তফসিল, ১৯৮৮

আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ এ প্রদত্ত ক্ষমতা বলে প্রণীত আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ তফসিল, ১৯৮৮ (Import Trade Control Schedule 1988) এর মাধ্যমে ০১ জুলাই ১৯৮৮ হতে হার্মোনাইজড সিস্টেমের অধীনে পণ্যের নতুন শ্রেণি বিন্যাস প্রবর্তিত হয়।

➢ অনলাইনে (ওএলএম) প্রদত্ত সেবাসমূহের তালিকা

ডিজিটালকৃত সেবার তালিকা	
(ক) বিভিন্ন ধরণের নিবন্ধন সনদপত্র সংক্রান্ত সেবাসমূহ	
১	বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ (আই আর সি)
২	এডহক শিল্প আমদানি নিবন্ধন সনদ (শিল্প আই আর সি নতুন)
৩	অন্যান্য এডহক শিল্প আমদানি নিবন্ধন সনদ (শিল্প আই আর সি পুরাতন)
৪	বহুজাতিক আমদানি নিবন্ধন সনদ (আই আর সি)
৫	রপ্তানি নিবন্ধন সনদ (ই আর সি)
৬	রপ্তানি নিবন্ধন সনদ (ইন্ডেন্টিং সার্ভিস)
৭	বহুজাতিক রপ্তানি নিবন্ধন সনদ (ই আর সি)
৮	বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ বার্ষিক নবায়ন
৯	শিল্প আমদানি নিবন্ধন সনদ বার্ষিক নবায়ন
১০	বহুজাতিক আমদানি নিবন্ধন সনদ বার্ষিক নবায়ন
১১	বহুজাতিক রপ্তানি নিবন্ধন সনদ বার্ষিক নবায়ন
১২	রপ্তানি নিবন্ধন সনদ বার্ষিক নবায়ন
১৩	রপ্তানি নিবন্ধন সনদ (ইন্ডেন্টিং সার্ভিস) বার্ষিক নবায়ন
১৪	প্রতিষ্ঠানের নাম ,ঠিকানা ও মালিকানা পরিবর্তন (সকল ধরনের নিবন্ধন সনদের ক্ষেত্রে)
১৫	মনোনীত ব্যাংক পরিবর্তন(সকল ধরনের নিবন্ধন সনদের ক্ষেত্রে)
১৬	তিন বছরের অধিক অনবায়িত সকল প্রকার নিবন্ধন সনদের নবায়ন এর অনুমতি।
১৭	আমদানি নিবন্ধন সনদের আমদানি সীমা/শ্রেণী/লিমিট পরিবর্তন (হ্রাস/বৃদ্ধি)
১৮	শিল্প আমদানি নিবন্ধন সনদের আমদানিস্বত্ব পরিবর্তন (হ্রাস/বৃদ্ধি)
(খ) আমদানি পারমিট সংক্রান্ত সেবাসমূহ	
(i) স্থায়ী ভিত্তিতে প্রদত্ত আমদানি পারমিট সংক্রান্ত সেবাসমূহ	
১৯	আমদানি পারমিট (আইপি) প্রদর্শনীতে অংশগ্রহনের ক্ষেত্রে
২০	আমদানি পারমিট (আইপি) (সরকারী প্রকল্পের মালামাল খালাসের ক্ষেত্রে)
২১	আমদানি পারমিট (আইপি)(বিনামূল্যে নমুনা, বিজ্ঞাপন ও উপহার সামগ্রীর ক্ষেত্রে)
২২	আমদানি পারমিট (আইপি)(ইকুইটি ক্যাপিটাল মেশিনারিজ ছাড়করনের ক্ষেত্রে)
২৩	আমদানি পারমিট (পূর্বানুমতি পত্রের ভিত্তিতে আমদানিকৃত পণ্য ছাড়করনের জন্য)
২৪	আমদানি পারমিট (আইপি) (বেসরকারী প্রতিষ্ঠানের মালামাল খালাসের ক্ষেত্রে)
২৫	আমদানি পারমিট (লাইভ ভ্যানিম্যালের ক্ষেত্রে)
২৬	আমদানি পারমিট (গ্যাস সিলিন্ডার/গ্যাসাধারের ক্ষেত্রে)
২৭	সকল ধরনের আমদানি পারমিট এর মেয়াদ বৃদ্ধি
২৮	সকল প্রকার আমদানি পারমিট এর সংশোধন (সনদের ক্ষেত্রে)

	(ii) ফেরতের ভিত্তিতে প্রদত্ত আমদানি পারমিট সংক্রান্ত সেবাসমূহ (আইপি কাম ইপি)
২৯	আমদানি পারমিট (আইপি) প্রদর্শনীতে অংশগ্রহনের ক্ষেত্রে
৩০	আমদানি পারমিট (আইপি) (সরকারী প্রকল্পের মালামাল খালাসের ক্ষেত্রে)
৩১	আমদানি পারমিট (পূর্বানুমতি পত্রের ভিত্তিতে আমদানিকৃত পণ্য ছাড়করণের জন্য)
৩২	আমদানি পারমিট (আইপি) (বেসরকারী প্রতিষ্ঠানের মালামাল খালাসের ক্ষেত্রে)
	(গ) রপ্তানি পারমিট সংক্রান্ত সেবাসমূহের তালিকা
৩৩	রপ্তানি পারমিট (ফ্রাস্ট্রেটেড কার্গো পণ্যের ক্ষেত্রে)
৩৪	রপ্তানি পারমিট (দেশীয় পণ্যের নমুনার ক্ষেত্রে)
৩৫	রপ্তানি পারমিট (ব্রানসমগ্রী প্রেরনের ক্ষেত্রে)
৩৬	রপ্তানি পারমিট (উপহার সামগ্রী প্রেরনের ক্ষেত্রে)
৩৭	রপ্তানি পারমিট (রিপ্লেসমেন্টের ক্ষেত্রে)
৩৮	রপ্তানি পারমিট (লাইভ অ্যানিম্যালের ক্ষেত্রে)
৩৯	রপ্তানি পারমিট (খালি কন্টেইনার/সিলিন্ডারের ক্ষেত্রে)
৪০	রপ্তানি পারমিট (ব্যক্তিগত ও পারিবারিক ব্যবহৃত পণ্যের ক্ষেত্রে)
৪১	রপ্তানি পারমিট (টেক্সটিং পণ্যের রপ্তানির ক্ষেত্রে)
৪২	সকল ধরনের রপ্তানি পারমিট এর মেয়াদ বৃদ্ধি
৪৩	সকল প্রকার রপ্তানি পারমিট এর সংশোধন (সনদের ক্ষেত্রে)

➢ জনবল নিয়োগ

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের জনবল সংকট নিরসনের লক্ষ্যে ১১ তম গ্রেডে (১২,৫০০- ৩০,২৩০/-) সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ) পদে ০১ (এক) টি, ১২ তম গ্রেডে (১১,৩০০ - ২৭,৩০০/-) সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ০৪ (চার) টি, ১৩ তম গ্রেডে (১১,০০ - ২৬,৫৯০/-) সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে ০২ (দুই) টি, ১৪তম গ্রেডে (১০,২০০ - ২৪,৬৮০/-) উচ্চমান সহকারী পদে ১৭ (সতের) টি এবং ১৬তম গ্রেডে (৯,৩০০ - ২২,৪৯০/-) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৩৫ (পঁয়ত্রিশ) টি সহ সর্বমোট ৫৯টি শূন্য পদের বিপরীতে গৃহীত লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং নিয়োগ সংক্রান্ত সরকারের বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগ কমিটির সুপারিশের আলোকে সর্বমোট ৫১ (একান্ন) জন প্রার্থীকে ২১ জুন ২০২১ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অস্থায়ীভাবে নিয়োগের জন্য নির্বাচিত করা হয়।

এছাড়া ১৬ তম গেডের (৯,৩০০ - ২২,৪৯০/-) ড্রাইভার পদে ০২ (দুই) টি এবং ২০তম গ্রেডের (৮,২৫০ - ২০,০১০/-) ৫৩টি শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে প্রাথমিক বাছাই পরীক্ষা সম্পন্ন হয়েছে। বিদ্যমান কোভিড-১৯ মহামারির কারণে নিয়োগ সংক্রান্ত পরবর্তি কার্যক্রম স্থগিত রয়েছে। কোভিড পরিস্থিতির উন্নতি ঘটলে উক্ত নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা হবে।

➢ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

সরকারী কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদানের নিমিত্তে সরকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA/NIS) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল প্রবর্তন করে। সে প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে অত্র দপ্তর ২০১৭ সাল থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে সাফল্যের সাথে বাস্তবায়ন করে যাচ্ছে। ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যে সকল বিষয় অন্তর্ভুক্ত ছিল তা যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। অন্যদিকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি অর্থবছরের শুরুতেই আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর দপ্তরের অধীনস্ত ১৪টি আঞ্চলিক দপ্তেরের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে থাকে। আঞ্চলিক দপ্তরসমূহ বেশ সাফল্যের সাথে চুক্তির কার্যক্রমসমূহ সম্পন্ন করেছে। অর্থবছর শেষে আঞ্চলিক দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন করা হয় যেখানে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত আঞ্চলিক অফিসকে সনদ ও ক্রেস্ট প্রদান করা হয়। মূল্যায়নে ২০১৯-২০ অর্থবছরে পাবনা এবং ২০২০-২১ অর্থবছরে ঢাকা আঞ্চলিক দপ্তর সর্বোচ্চ নম্বর অর্জন করেছে। এছাড়া সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রবর্তিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নেও অত্র দপ্তর বদ্ধপরিকর।

অত্র দপ্তরে APA, NIS, RTI, GRS, Innovation সহ চাকুরী সংক্রান্ত যাবতীয় বিষয়ে প্রশিক্ষণের/ কর্মশালার আয়োজন করা হয়েছে। অন্যদিকে অত্র দপ্তর কর্তৃক সেবা প্রদানের জন্য চালুকৃত অনলাইন সিস্টেম ওএলএম এর উপর কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ও নিয়মিত প্রশিক্ষণের/কর্মশালার আয়োজন করা হয়েছে।

চিত্র: আঞ্চিলক দপ্তরের সাথে বার্ষিক কর্মসম্পদনের চুক্তি স্বাক্ষর ২০২১-২০২২

➢ কর্মকর্তা-কর্মচারী দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও ওয়ার্কশপ

APA & NIS বাস্তবায়নে ২০২০-২০২১ অর্থ বছরের প্রশিক্ষণের তালিকা:-

প্রশিক্ষণের নাম	তারিখ	অংশগ্রহণকারী	সংখ্যা
অনলাইন লাইসেন্সিং মডিউল সংক্রান্ত	১৭-০৮-২০২০	আঞ্চলিক দপ্তর সহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ	৬৩
জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৯-২০২০ বাস্তবায়ন সংক্রান্ত	২২-০৬-২০২০	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা	২১
ই-নথি সংক্রান্ত	৩১-০৮-২০২০	প্রধান নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ	২৯
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ	২৫-০৮-২০২০	আঞ্চলিক দপ্তরের দপ্তর প্রধান এবং প্রধান নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা	২৬
এপিএ ২০২০-২০২১ বিষয়ক প্রশিক্ষণ	২৬-০৮-২০২০	আঞ্চলিক দপ্তরের দপ্তর প্রধান এবং প্রধান নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা	২৬
সচিবালয় নির্দেশমালা, গণকর্মচারীদের অবসর সংক্রান্ত	১৯-১১-২০২০	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা, কর্মচারীবৃন্দ	৩৬
ইনোভেশন সংক্রান্ত	৩০-১১-২০২০	প্রধান নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা	৩৬
আঞ্চলিক পর্যায়ে সেবা প্রদান এবং সহজীকরণ সংক্রান্ত	০২-১২-২০২০	সকল আঞ্চলিক দপ্তরের দপ্তর প্রধান এবং সকল কর্মকর্তা এবং কর্মচারী	৩৯
জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার এবং অভিযোগ প্রতিকার সংক্রান্ত	২৮-০২-২০২১	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা	৩৪
উদ্ভাবন সক্ষমতা এবং সেবা সহজীকরণ সংক্রান্ত	১৬-০৫-২১	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা	৩৩
উদ্ভাবন সক্ষমতা এবং সেবা সহজীকরণ সংক্রান্ত	১৬-০৫-২১	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা	৩৩
উদ্ভাবন সক্ষমতা এবং সেবা সহজীকরণ সংক্রান্ত	১৭-০৫-২১	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা	৩৩
অনলাইন লাইসেন্সিং মডিউল সেবা প্রদান প্রক্রিয়া সম্পর্কে অবহিতকরণ	২৮-১০-২০২০	সংশ্লিষ্ট কর্মকর্তা এবং বাইরের প্রতিনিধি	৪৬
অনলাইন লাইসেন্সিং মডিউল-এ অভ্যন্তরীণ ব্যবহারকারীদের দক্ষতা বৃদ্ধি বিষয়ক	২০-০৬-২১	প্রধান নিয়ন্ত্রক এবং ঢাকা দপ্তরের সকল কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ	৫০

চিত্র: NIS, GRS ও RTI বিষয়ক প্রশিক্ষণ

➢ জাতীয় শুদ্ধাচার পদক

সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য হতে শুদ্ধাচার পদক প্রদানের বিষয়ে এ দপ্তরের শুদ্ধাচার কমিটির সুপারিশের ভিত্তিতে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে শুদ্ধাচার পুরস্কার, ২০২১ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত শুদ্ধাচার কমিটির সুপারিশের ভিত্তিতে এ অধিদপ্তরের নিম্নে বর্ণিত ০৩ জন কর্মকর্তা/কর্মচারীগণকে এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ এবং একটি সার্টিফিকেট শুদ্ধাচার পুরস্কার, ২০২১ হিসেবে প্রদান করা হয়।

নাম	পদবী ও গ্রেড	কর্মরত দপ্তর
জনাব মোহাম্মাদ মাহমুদুল হক	উপনিয়ন্ত্রক ৬ষ্ঠ গ্রেড	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
জনাব মো:রাকিব সরদার	গাড়ীচালক ১৫তম গ্রেড	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
জনাব রায়হানা তাসনিম আহমেদ	নির্বাহী অফিসার ১০ম গ্রেড	আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ।

➢ কর্ম পরিবেশের আধুনিকায়ন

আধুনিক কর্পোরেট অফিস স্থাপনঃ ২০১৭ সালে সিসিআইএন্ডই এর কার্যালয় স্থানান্তর সেবা সহজীকরণ তথা ওএলএম বাস্তবায়নের পরিবেশ তৈরীতে বলিষ্ঠ ভূমিকা রাখে। আগের সীমিত পরিসরের অফিসে কর্ম পরিবেশ মানসম্মত ছিল না, অফিসে গ্রাহকের ভোগান্তি চরম পর্যায়ে ছিল। বর্তমান প্রধান কার্যালয় জাতীয় ক্রীড়া পরিষদ ভবনের (১৬ তলা) ও ঢাকা কার্যালয় (১৫তলা) আধুনিক কর্পোরেট আঙ্গিকে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত একটি সরকারি প্রতিষ্ঠানে রূপান্তর করা হয়। এতে রয়েছে কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, সেবা গ্রহীতাদের জন্যে প্রতিটি ফ্লোরে শীতাতপ নিয়ন্ত্রিত রিসিপশন/ওয়েটিং রুম, কর্পোরেট সিস্টেমের আদলে কর্মকর্তা-কর্মচারীদের বসার ব্যবস্থা, সকল কর্মকর্তা-কর্মচারীর জন্যে কম্পিউটারের সংস্থান, সিসিটিভি'র মাধ্যমে সেবা প্রদান মনিটরিং সুবিধা, সেবা গ্রহীতাদের জন্যে টয়লেট ও সুপেয় পানির ব্যবস্থা, আধুনিক কনফারেন্স কক্ষ, ল্যান ব্যবস্থাপনা ও সার্ভার কক্ষ, নথি সংরক্ষণের জন্যে আলাদা কর্ণার ও র‍্যাক, ডে-কেয়ার রুম (শিশুকানন), কর্মকর্তা-কর্মচারীদের খাবার ঘর; লাইব্রেরী ও প্রেয়ার রুম। ২০১৫ সালে টিওএন্ডই-তে মাত্র ১৮টি ডেস্কটপ ও ১টি ল্যাপটপের প্রভিশন থাকলেও ২০১৭ সালে ঐ সংখ্যা ৯৭তে উন্নীত হয়। পরবর্তীতে আরো কম্পিউটারের সংস্থান করা হয়। দপ্তরের কাজের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে এবং বহিরাগত লোকজনের অনিয়ন্ত্রিত প্রবেশ নিয়ন্ত্রণের লক্ষ্যে একসেস কন্ট্রোল গেট চালু করা হয়। ডিজিটাল পরিচয়পত্র ও আঙ্গুলের ছাপ ব্যবহার করে অফিসে প্রবেশ করতে হয়। আধুনিক মানের অফিস স্থাপনের ফলে সেবা প্রদানের ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতাসহ সেবার মান বৃদ্ধি করার সুযোগ সৃষ্টি হয়।

সেবা সহজিকরণের চলমান কার্যক্রমের অংশ হিসেবে ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে আইআরসি/ইআরসি'র আবেদনে ডকুমেন্টস-এর সংখ্যা হ্রাস করা হয়। বাণিজ্যিক আইআরসি, রপ্তানি নিবন্ধন সনদ, ইন্ডেন্টিং ইআরসি এর ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্টস সংখ্যা ১৪টি থেকে নামিয়ে সর্বোচ্চ ১১টিতে এবং শিল্প আমদানি নিবন্ধন সনদ এর ক্ষেত্রে ডকুমেন্টস সংখ্যা ২২টি থেকে নামিয়ে সর্বোচ্চ ১৩টিতে হ্রাস করা হয়। সেবা প্রদানে সময় বাঁচাতে বা দীর্ঘসূত্রিতা কমাতে ২০১৯ সালের এপ্রিলে প্রধান নিয়ন্ত্রক তাঁর ক্ষমতা অনেক ক্ষেত্রে আঞ্চলিক কার্যালয় ও অধিনস্ত কর্মকর্তাদের মধ্যে বিকেন্দ্রীকরণ করেন।

রাজস্ব আদায়

অত্র দপ্তরের কর ব্যতীত রাজস্ব আদায়ের চিত্র

অর্থবছর	প্রকৃত রাজস্ব প্রাপ্তি (কোটি)
২০১৬-২০১৭	১০৭.৯৬
২০১৭-২০১৮	১১১.৩৪
২০১৮-২০১৯	১১৪.১৭
২০১৯-২০২০	১০৩.৯২
২০২০-২০২১	১০৯.৬৬

➢ **ওএলএম এ প্রদত্ত সেবার পরিসংখ্যান**

অনলাইনের মাধ্যমে ১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত সকল ধরণের নিবন্ধন সনদ নিষ্পত্তির পরিসংখ্যানঃ

ক্র.নং	সেবার নাম	আবেদন প্রাপ্তি	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন		নিষ্পত্তির হার
				অনিষ্পন্ন	ফিরাবর্তিত	
০১	আইআরসি (বাণিজ্যিক)	৫০,৫৫৩	৩৮,১৭০	১৩০	১৭১৩	৯৬.১০%
০২	বহুজাতিক আইআরসি	৮৭৫	৭৯৯	৩	৭৯	৯১.৩১%
০৩	আইআরসি (শিল্প) এডহক	১৭৫৭	১৫৫১	১৪	২২০	৮৮.২৮%
০৪	আইআরসি (শিল্প) নিয়মিত	৭৫৯৪	৬৮৬২	৫৮	৬৯০	৯১.৫৭%
০৫	বহুজাতিক ইআরসি	৯৮৫	৯১২	৭৮	৭৮	৯২.৬৮%
০৬	ইআরসি (সাধারণ)	১৫,৭৫০	১৪,৯১৫	৫৩	৮৮৮	৯৪.৭০%
০৭	ইন্ডেন্টিং ইআরসি	১৯৫৮	১৮৩৫	১০	১০৪	৯২.৫২%
	মোট সংখ্যা	৬৯,০৭১	৬৪,৫৪৩	২৭৪	৩,৮০২	৯৪.৮৯%

অনলাইনের মাধ্যমে ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত রি-রেজিস্ট্রেশন এর মাধ্যমে প্রদত্ত সনদপত্রের পরিসংখ্যানঃ

ক্র.নং	সেবার নাম	আবেদন প্রাপ্তি	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন		নিষ্পত্তির হার
				অনিষ্পন্ন	রিসাবমিট	
০১	আইআরসি (বাণিজ্যিক)	২২৬৮	২০২৬	২৮	২৭০	৮৯.৩৩ %
০২	বহুজাতিক আইআরসি	৬৬	৫১	১	১৬	৭৭.২৭%
০৩	আইআরসি (শিল্প) এডহক	০০	০০	০০	০০	০০
০৪	আইআরসি (শিল্প) নিয়মিত	৭৭৬	৬৫০	১২৬	২৫২	৮৩.৭৬%
০৫	বহুজাতিক ইআরসি	৫৫	৪৫	২	১২	৮১.৮২%
০৬	ইআরসি (সাধারন)	৮৮০	৭৩৯	১৩	১৫৪	৮৩.৯৮%
০৭	ইন্ডেন্টিং ইআরসি	৮৮	৭৫	১৩	২৬	৮৫.২৩%
	মোট সংখ্যা	৪১১৩	৩৫৮৬	১৮৩	৭৩০	৮৬.৭৭%

অনলাইনের মাধ্যমে ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত নতুন নিবন্ধন সনদপত্রের পরিসংখ্যানঃ

ক্র.নং	সেবার নাম	আবেদন প্রাপ্তি	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন		নিষ্পত্তির হার
				অনিষ্পন্ন	রিসাবমিট	
০১	আইআরসি (বাণিজ্যিক)	৭৮৪২	৭৪৯৬	৯	৩৫৫	৯৫.৫৯%
০২	বহুজাতিক আইআরসি	১৫৭	১৪৪	০	১৩	৯১.৭২%
০৩	আইআরসি (শিল্প) এডহক	৯৪৫	৮৬২	৪	৮৭	৯১.২২%
০৪	আইআরসি (শিল্প) নিয়মিত	০	০	০	০	০
০৫	বহুজাতিক ইআরসি	১১৮	১০৫	২	১৫	৮৮.৯৮%
০৬	ইআরসি (সাধারন)	২৯১০	২৭৫৯	১৩	১৬৪	৯৪.৮১%
০৭	ইন্ডেন্টিং ইআরসি	২৪৫	২৩১	১	১৫	৯৪.২৯%
	মোট সংখ্যা	১২২১৭	১১৫৯৭	২৯	৬৪৯	৯৪.৯৩%

অনলাইনের মাধ্যমে ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত নিবন্ধন সনদপত্র নবায়নের পরিসংখ্যানঃ

ক্র.নং	সেবার নাম	আবেদন প্রাপ্তি	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন		নিষ্পত্তির হার
				অনিষ্পন্ন	রিসাবমিট	
০১	আইআরসি (বাণিজ্যিক)	২৩১৩৬	২৩০৭৬	১৬	৪৪	৯৯.৭৪%
০২	বহুজাতিক আইআরসি	৪৯৫	৪৯৩	০	২	৯৯.৬০%
০৩	আইআরসি (শিল্প) এডহক	০০	০০	০০	০০	০০
০৪	আইআরসি (শিল্প) নিয়মিত	৫৬৯০	৫৬৬১	৯	২০	৯৯.৪৯%
০৫	বহুজাতিক ইআরসি	৬৬১	৬৬১	০	০	১০০.০০%
০৬	ইআরসি (সাধারন)	৯২১৮	৯১৯৮	২	১৮	৯৯.৭৮%
০৭	ইন্ডেন্টিং ইআরসি	১০৪৩	১০৪৩	০	০	১০০.০০%
	মোট সংখ্যা	৪০২৪৩	৪০১৩২	১৮	১১১	৯৯.৭২%

➢ ই-নথির মাধ্যমে ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত বিভিন্ন ধরনের পারমিট ইস্যুর পরিসংখ্যানঃ

১	২	৩	৪	৫
ক্রমিক নং	সেবার নাম	নতুন নিষ্পত্তি	মেয়াদ বৃদ্ধি	মোট
১	আমদানি পারমিট জারী (আইপি)	৫৬৫২	২৩২৫	৭৯৭৭
২	রপ্তানি পারমিট জারী (ইপি)	১১৬৪	৪৮	১২১২
৩	রপ্তানি-কাম-আমদানি পারমিট জারি (ইপি-কাম-আইপি)	১০৫১	৬৪৫	১৬৯৬
৪	আইআরসি গ্রহণ হতে অব্যাহতি প্রদান	৩২	--	৩২
৫	সামরিক পারমিট জারি	২১	--	২১
৬	ক্লিয়ারেন্স পারমিট (সিপি) জারি	৩৮	--	৩৮
৭	ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট আমদানি পারমিট	৩৮১	--	৩৮১
৮	পুনঃরপ্তানির অনুমতি প্রদান	৩০	--	৩০
৯	অন্ট্রাপো পারমিট	৩৫	--	৩৫
১০	জাহাজীকরণের সময়সীমা বৃদ্ধি	৭৮৮	--	৭৮৮
১১	হাসপাতাল/এনজিও/বিশ্ববিদ্যালয়ের আইপি জারি	৫৮	--	৫৮
	সর্বমোট নিষ্পত্তি	৯২৫০	৩০১৮	১২২৬৮

সেবার ডিজিটালাইজেশন

➢ Online licensing Module (OLM) প্রবর্তন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে এবং মাননীয় প্রধানমন্ত্রী প্রবর্তিত 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের এক সফল বাস্তবায়ন অনলাইন লাইসেন্সিং মডিউল (ওএলএম)। বর্তমান সরকারের ভিশন-২০২১ ও ভিশন-২০৪১ কে সামনে রেখে আন্তর্জাতিক মান-সম্পন্ন ব্যবসা বান্ধব পরিবেশ তৈরীর লক্ষ্যে প্রবর্তিত সিসিআইএন্ডই এর সেবাসমূহ প্রদানের অনলাইন পদ্ধতির নাম 'অনলাইন লাইসেন্সিং মডিউল' (ওএলএম)। মুক্তবাজার অর্থনীতিতে বাংলাদেশের প্রেক্ষাপটে আমদানি ও রপ্তানি বাণিজ্যের ভূমিকা গুরুত্বপূর্ণ। খাদ্যশস্য, কৃষি উৎপাদন, শিল্পের মেশিনারী, কাঁচামাল ও যন্ত্রাংশ, জ্বালানী এবং নিত্য প্রয়োজনীয় পণ্যের চাহিদার একটি বৃহৎ অংশ বিদেশ থেকে আমদানির মাধ্যমেই মেটানো হয়ে থাকে। জাতীয় বাজেটের অর্থ সংস্থানের ক্ষেত্রে আমদানি উদ্ভূত 'কর ও শুল্ক' দেশের অভ্যন্তরীণ সম্পদ আহরণের প্রধানতম আয়ের উৎস। অপরদিকে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে শিল্প গড়ে তুলে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় টিকে থেকে রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা আহরণ করতে হচ্ছে। এক্ষেত্রে আমদানি ও রপ্তানি একে অপরের সাথে ওতপ্রোতভাবে জড়িত। মুক্তবাজার অর্থনীতিতে বেসরকারী খাতকে প্রধান চালিকা শক্তি হিসেবে বিবেচনা করা হয়েছে।

আন্তর্জাতিক বাণিজ্যে বাংলাদেশের ব্যবসায়ীদের জোরালো অংশগ্রহণে সরকারী প্রতিষ্ঠানের সেবা সহজীকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০০৯ সালে সরকার গঠনের পরই কার্যত বিভিন্ন উদ্যোগ গ্রহণ শুরু হয়। বাংলাদেশ আন্তর্জাতিক বাণিজ্য সহজীকরণে 'ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট' স্বাক্ষর করায় এবং 'ইজ-অব-ডুইং বিজনেস' সূচকে বাংলাদেশের অবস্থান উন্নীত করার প্রয়াসে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ নেয়। তারই ধারাবাহিকতায় বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে 'বাংলাদেশ ট্রেড পোর্টাল' এবং সিসিআইএন্ডই এর সকল সেবা অনলাইনে প্রদানের লক্ষ্যে ২০১৪ সালে বাণিজ্য মন্ত্রণালয় ও ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ এর প্রতিষ্ঠান 'আইএফসি'র সাথে 'সমঝোতা স্মারক' স্বাক্ষরিত হওয়ার মাধ্যমে ওএলএম এর যাত্রা শুরু হয়।

আমদানি নিবন্ধন সনদপত্র, রপ্তানি নিবন্ধন সনদপত্র, আমদানি পারমিট, রপ্তানি পারমিট, আমদানি কাম রপ্তানি পারমিট (আইপি কাম ইপি), রপ্তানি কাম আমদানি পারমিট (ইপি কাম আইপি) ও ক্লিয়ারেন্স পারমিট (সিপি) সহ সিসিআইএন্ডই এর সকল সেবা অনলাইনের মাধ্যমে প্রদানে লক্ষ্যে ২০১৯ সালের ১লা জুলাই হতে চালু হয়েছে ওএলএম। মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশী, এমপি গত ১৭ই জুলাই ২০১৯ তারিখে ওএলএম পদ্ধতিতে সেবা প্রদানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সেবা গ্রহীতা তথা আন্তর্জাতিক বাণিজ্যে জড়িত দেশের সকল আমদানিকারক ও রপ্তানিকারক শিল্পপতি ও ব্যবসায়ীদের কাছে 'ওএলএম' অতি গ্রহণযোগ্যতা অর্জন করেছে। ইতিমধ্যে ওএলএম প্রবর্তনের দুই বছর অতিক্রান্ত হয়েছে।

১.১ ওএলএম এর সুবিধাসমূহঃ

সিসিআইএন্ডই এর ওএলএম সেবার মাধ্যমে আমদানিকারক ও রপ্তানিকারকগণ তথা ব্যবসায়ি সমাজ যে সকল সুবিধা পাচ্ছেন তা নিম্নরূপঃ

ক) বিশ্বের যে কোন প্রান্ত থেকে ইন্টারনেট ব্যবহার করে নিবন্ধনের আবেদন দাখিল করতে পারছেন;

খ) আবেদনের সাথে ডকুমেন্টস এর স্ক্যান কপি অনলাইনে আপলোড করছেন, এক্ষেত্রে হার্ড কপি দাখিলের ঝামেলা নেই;

গ) অনলাইনে আবেদন করার পর কোন তথ্য ভুল হলে বা ডকুমেন্টস এর ঘাটতি থাকলে এসএমএস (মোবাইল, ই-মেইল ওওএলএম আইডি/একাউন্ট) পাচ্ছেন এবং এসব তথ্য বা ডকুমেন্টস পুনরায় অনলাইনেই রি-সাবমিট করতে পারছেন;

ঘ) সকল কাজ অনলাইনে হওয়ায় অফিসে ভিজিট করার প্রয়োজন হচ্ছে না;

ঙ) নিজেই নিজের আবেদন দাখিল করতে পারছেন এক্ষেত্রে কোন মধ্যবর্তী লোক এর প্রয়োজন হচ্ছে না;

চ) আবেদন অনুমোদনের পরে গ্রাহকের আইডি/একাউন্টে অনলাইনেই নিবন্ধন সনদ পাচ্ছেন;

ছ) অনলাইনে আবেদনের ট্র্যাকিং করা যাচ্ছে;

জ) প্রত্যেক সেবা গ্রহীতার তথ্যাদির কেন্দ্রীয় ডাটাবেজ তৈরী হচ্ছে, ফলে ভবিষ্যতে এক তথ্য পুনরায় দিতে হবে না, পরিবর্তীত, সংশোধিত ও নতুন তথ্য প্রদান করলেই চলছে;

ঝ) সিস্টেমে তথ্যের গোপনীয়তা রক্ষা করা হচ্ছে;

ঞ) ম্যানুয়াল পদ্ধতিতে নিবন্ধন সনদ হারিয়ে গেলে সংশ্লিষ্ট থানায় সাধারন ডায়েরী, দু'টি পত্রিকায় হারানো বিজ্ঞপ্তি এবং পুনরায় সম্পূর্ণ নিবন্ধন ফি প্রদান করে ডুপিকেট সনদ গ্রহণ করতে হতো। ওএলএম প্রবর্তনের ফলে নিবন্ধন সনদ হারিয়ে যাওয়ার কোন সম্ভাবনাই নেই। সুতরাং ডুপ্লিকেট সনদ গ্রহণের ঝামেলা দূর হয়েছে।

ট) আবেদন করার সময় যে সকল কাগজাদি গ্রাহক আপলোড করে তা ওএলএম ডাটাবেজে সংরক্ষিত থাকায় এ সকল কাগজাদির হার্ড কপি গ্রাহককে আর বহন করতে হয় না। ওএলএম-এ লগ ইন করে যে কোন প্রয়োজনে যে কোন প্রান্ত হতে অতি সহজে এ সকল কাগজাদি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে পারছেন।

১.২ রি-রেজিস্ট্রেশন এর মাধ্যমে পুরাতন গ্রাহকের নবায়ন ও পুরাতন গ্রাহকের ডেটাবেজ তৈরিকরণঃ

